

বরাবর,

মাননীয় সচিব,  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ন্যায় বিচারের স্বার্থে সরকারি বিধি বিধান মোতাবেক অবিচারের হাত থেকে রক্ষা করে চাকুরীতে যোগদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রসঙ্গে।

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত আরজ এই যে, আমি একজন অসহায় হত দরিদ্র গ্রাম পুলিশ। আমি ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন ১০নং দাপুনিয়া ইউনিয়ন এর মধ্য দাপুনিয়া গ্রামের স্থায়ী অধিবাসী। আমার পিতা মোঃ নওশের আলী দাপুনিয়া ইউনিয়ন পরিষদের একজন গ্রাম পুলিশ হিসেবে সু-দীর্ঘ দিন চাকুরী করার পর অবসর গ্রহণ করেন। এরপর ১৯৮৪ সালে পোষ্য হিসেবে গ্রাম পুলিশ পদে নিয়োগ প্রাপ্ত হইয়া সুনামের সাথে চাকুরী করিয়া আসিতেছিলাম। বিগত ০৯/১০/২০১৮ ইং তারিখে আমি হঠাৎ মারাত্মক ভাবে অসুস্থ হইয়া পড়ায় সু-চিকিৎসার জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হইয়া বেশ কিছুদিন চিকিৎসাধীন থাকার পর বাড়ীতে আসি এবং ডাক্তারের পরামর্শ অনুযায়ী আরও বেশ কিছুদিন বাড়ীতেই বিশ্রামে থাকার পর সম্পূর্ণ সুস্থ হইয়া ইউনিয়ন পরিষদে কাজে যোগদান করতে গেলে ইউপি চেয়ারম্যান সাহেব মৌখিক ভাবে আমাকে কাজ করতে নিষেধ করেন। এরপর আমি নিরুপায় হইয়া ইতোপূর্বে আপনার দপ্তরে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা দপ্তরে একাধিকবার লিখিত আবেদন করি, যাহার কোন মানবিক সাড়া পাই নাই। সুফলের আশায় দিন গুনতে থাকি। ইতিমধ্যে আমি অবগত হইলাম যে, আমার পদকে শূণ্য দেখাইয়া নিয়োগ দেওয়ার জন্য বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে।

প্রকাশ্য থাকে যে, ভিলেজ পুলিশ ফোর্স টুলস মোতাবেক লিখিত ভাবে কারণ দর্শানো নোটিশসহ অন্যান্য প্রক্রিয়া সম্পাদন করাসহ আমাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দান করার বিধান রয়েছে। কিন্তু কোন প্রকার নোটিশ বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়াই অন্যায় ভাবে আমার স্থলে লোক নিয়োগের পদক্ষেপ নেওয়া হয়েছে। ইহা সম্পূর্ণই সরকারী বিধি বিধান বহির্ভূত এবং অন্যায়।

এমতাস্থায়, মহোদয় সমীপে আবেদন, ন্যায় বিচারের স্বার্থে সরকারি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যেই আপনার মহান কৃপা দৃষ্টি আকর্ষণ করিতেছি।

তারিখ: ০৫/০৯/২০২২খ্রিঃ।

বিনীত নিবেদক

আকবর আলী  
(মোঃ আকবর আলী)

গ্রাম- দাপুনিয়া, ডাকঘর- দাপুনিয়া কান্দাপাড়া,  
উপজেলা- ময়মনসিংহ সদর, জেলা- ময়মনসিংহ।  
মোবাইল নং- ০১৭৬২০৪৯৭২১

স্থানীয় সরকার বিভাগ  
প্রাপ্তির তারিখ: ০৫/০৯/২০২২  
নম্বর: ৩৫.৪